

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৪৭

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ আগুনে পাকানো মেষের গোসত খেলে ওযূ না করা বৈধ

ذِكْنُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ تَرْكُ الْوُضُوءِ مِمَّا مَسَّتِ النَّارُ مِنْ لُحُومِ الْغَنَمِ

আরবী

1147 ـ أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ إِسْمَاعِيلَ بِبُسْتَ ومحمد بن الحسن بن الْخَلِيلُ بِنَسَا قَالَا: حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ قَالَ: حَدَّثَنَا حَاتِمُ بْنُ إِسْمَاعِيلَ قَالَ: حَدَّثَنَا مُوسَى بْنُ عُفْبَةَ عَنْ صَالِحِ بْنِ كَيْسَانَ عَنِ الْفَضْلِ بْنِ عَمْرِو بْنِ أُمَيَّةَ الضَّمْرِيِّ عَنْ عَمْرِو بْنِ أُمَيَّةَ الضَّمْرِيِّ عَنْ عَمْرِو بْنِ أُمَيَّةَ وَسُلَّمَ يَحْتَنُ مِنْ عَرْقٍ يَأْكُلُ فَأَتَى الْمُؤَدِّنُ بِالصَّلَاةِ فَالْقَى الْعَرْقَ وَالسِّكِينَ مِنْ يَدِهِ وَلَمْ يَتَوَضَّا أُ.

قَالَ إِسْحَاقُ: عَنِ الْفَضْلِ بْنِ عَمْرِو بْنِ أُمَيَّةَ عَنْ أَبِيهِ وَلَمْ يَذْكُرِ الضَّمْرِيُّ وَقَالَ: (يَحْتَزُّ مِنْ عَرْقِ فَأَتَاهُ الْإِذْنُ بِالصَّلَاةِ) وَقَالَ: (مِن يَدِهِ وصلى ولم يتوضاً)

الراوي: عَمْرو بْن أُمَيَّةَ الضَّمْرِيِّ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1147 | خلاصة حكم المحدث:. صحيح.

বাংলা

১১৪৭. আমর বিন উমাইয়্যাহ থেকে বর্ণিত, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখেছেন, তিনি একটি মাংসল হাড় থেকে গোশত কেটে কেটে খাচ্ছিলেন। অতঃপর মুয়ায্যিন এসে তাঁকে সালাতের কথা জানালে তিনি হাত থেকে হাডিড ও চাকু রেখে দেন আর এসময় তিনি নতুন করে ওয় করেননি।"

ইসহাক রহিমাহুল্লাহ হাদীসটি ফাযল বিন আমর বিন উমাইয়্যাহ, তিনি তার বাবা থেকে বর্ণনা করেছেন তিনি এখানে যমরী শব্দ উল্লেখ করেননি। তিনি হাদীসে বলেন, "তিনি একটি মাংসল হাড় থেকে গোশত কেটে কেটে খাচ্ছিলেন। অতঃপর মুয়ায্যিন এসে তাঁকে সালাতের কথা জানান।" তিনি হাদীসে আরো বলেছেন, "হাত থেকে (হাডিড ও চাকু রেখে দেন) এবং সালাত আদায় করেন কিন্তু এসময় তিনি নতুন করে ওয়ু করেননি।"[1]



ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৩৫৫; সুনান বাইহাকী: ১/১৫৪; মুসনাদ ইমাম শাফেঈ: ১/৩৪; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৬৩৪; হুমাইদী: ৮৯৮; আত তায়ালিসী: ১/৫৮; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৪৮; সহীহ বুখারী: ২৫৮; তিরমিযী: ১৮৩৬; দারেমী: ১/১৮৫; ইবনুল জারুদ : ২৩; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৬৬।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ১১৩৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আমর ইবনু উমাইয়াহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন